

QP Code: 23/PT/1/IV

স্নাতকোত্তর পাঠ্যক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

চতুর্থ পত্র (4th Paper)

UPANYAS O CHHOTO GALPO

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) নীহাররঞ্জন রায়ের মতে, ‘চতুরঙ্গ’ উপন্যাসে প্রতিফলিত জীবনদর্শন ‘খণ্ডিত’। এই মতের পক্ষে বা বিপক্ষে আপনার যুক্তি সজ্জিত করুন।
- খ) যতীনের ‘স্বী’ থেকে কীভাবে ‘শুধু’ ‘কুষ্ঠরোগীর বউ’ হয়ে উঠলেন মহাশ্বেতা, তা আলোচনা করুন।
- গ) ব্রাহ্মণ এবং বৈষ্ণব সম্প্রদায়ের সামাজিক বিভেদের চালচিত্রকে ধারণ করে আছে ‘পণ্ডিতমশাই’ উপন্যাস — উক্তিটির যথাার্থ্য বিচার করুন।
- ঘ) অতিপ্রাকৃত পরিবেশের মোড়কে একটি নিখাদ প্রেমের কাহিনি ‘ক্ষুধিত পাষণ’ — আধুনিক সমালোচকের এই মতের পরিপ্রেক্ষিতে আপনার বক্তব্য পরিস্ফুট করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) ‘ইন্দিরার অঙ্গ হইতে আমার স্পর্শ মুছিয়া লইয়া সে ত্বক রক্ত পূর্ণ করিয়া লইয়া গেছে। ... আমি তৃপ্ত।’ — বক্তার ‘তৃপ্তি’র কারণটি যুক্তিসহ বুঝিয়ে দিন।

TE/PG(TH)20087

[Turn over

- খ) ‘ডোমের চিতা’ এবং ‘জাতুধান’ গল্প আসলে মানুষের আদিম প্রবৃত্তির বীভৎস সত্যকেই অনাবৃত করে তুলেছে — ব্যাখ্যা করুন ।
- গ) ‘তুমি বোঝাবা না মিঞা, কুকুর বিড়াল থিকাও অধম থাকে, মানুষ শয়তান থিকাও সাংঘাতিক হয় ।’ — কে কাকে কোন্ প্রসঙ্গে মন্তব্যটি করেছিলেন ? $1 + 1 + 10$
- ঘ) ধাওতাল সাহু চরিত্রটির অনুপ্রবেশ ‘আরণ্যক’ উপন্যাসে কতখানি গুরুত্বপূর্ণ, তা আলোচনা করুন ।
- ঙ) ‘তিনজনেই একটা অসহায় অস্বস্তি আর বিস্ময় নিয়ে একে একে চলে গেল ।’ — ‘তিন’ জনের ‘অসহায় অস্বস্তি’ ও ‘বিস্ময়’-এর কারণটি বিবৃত করুন ।
- চ) ‘নাগিণীকন্যার কাহিনী’ উপন্যাসে কীভাবে আঞ্চলিক ভাষা প্রযুক্ত হয়েছে, উদাহরণসহ আলোচনা করুন ।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : $9 \times 8 = 28$
- ক) ‘সে ভণ্ড জোচ্ছোরটা গেল কোথা ?’ — কে কাকে কেন ‘ভণ্ড জোচ্ছোর’ বলে অভিহিত করেছিলেন ? $1 + 1 + 5$
- খ) ‘ভিজে সলতের সারা জীবন ধরে আগুন ধরিয়ে রাখার ব্রত ক্রমশ একদিন দুর্বহ হয়ে উঠত না কি ?’ — শশিভূষণকে কেন্দ্র করে মল্লিকার এই ভাবনার ব্যঞ্জনাটি পরিস্ফুট করুন ।
- গ) ‘চিরদিনের জন্য আপনার কাছে ঋণী হয়ে রইলাম ।’ — কে কার কাছে কেন ‘চিরদিনের জন্য’ ঋণী ছিলেন ? $1 + 1 + 5$
- ঘ) ‘... সেইটেই বনোয়ারির বৃকে সকলের চেয়ে বাজিল ।’ — কোন্ হৃদয়বিদারক ঘটনার কথা এখানে উল্লিখিত হয়েছে ?
- ঙ) ‘দু-চোখে অসহ্য ঘৃণা জ্বলছে ওর ।’ — ‘ওর’ বলতে কাকে বোঝানো হয়েছে ? তাঁর ‘দু-চোখে’ ‘অসহ্য ঘৃণা’ জ্বলার কারণটি ব্যাখ্যা করুন । $1 + 6$
- চ) ‘সংকেত’ গল্পটি কোন্ ‘সংকেত’-কে কেন্দ্র করে আবর্তিত, তা বুঝিয়ে দিন ।
- ছ) বঙ্কিমচন্দ্র রচিত ‘রাজসিংহ’ উপন্যাসের সংস্করণগুলির পরিচয় দিন ।
- জ) ‘হয়তো আমরাই একেবারে নিরপেক্ষ থেকে চতুর্থ পাণিপথের যুদ্ধে স্টিফানকে হারিয়ে দিয়েছি ।’ — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন ।